মঞ্জুরী নং -৩৩

৩৮ - পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

মধ্যমেয়াদি ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	216,61,10	226,54,12	240,38,08
উন্নয়ন	468,56,00	561,45,88	653,61,92
মোট	685,17,10	788,00,00	894,00,00

১. মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

পল্লী উন্নয়ন, সমবায়ভিত্তিক কার্যক্রম পরিচালনা, সমবায়ভিত্তিক বাজার ব্যবস্থাপনা এবং অব্যাহত গবেষণার মাধ্যমে পল্লী অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক অবস্হার উন্নয়ন।

১.২ প্রধান কার্যাবলি

(ক) পল্লী উন্নয়ন নীতি, সমবায় আইন, বিধি ও নীতি প্রণয়ন;

(খ) পল্লী এলাকার দারিদ্র্য নিরসনকল্পে বিভিন্ন কর্মসূচি/প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন;

(গ) ক্ষুদ্র ঋণ, কৃষি ঋণ, সমবায়ভিত্তিক ক্ষুদ্র ও কুটির শিল্প, সমবায় ব্যাংক, সমবায় বীমা, সমবায়ভিত্তিক চাষাবাদ ও বিপণন, দুগ্ধ ও অন্যান্য সমবায়ভিত্তিক শিল্পোদ্যোগ (enterprise) এর মাধ্যমে উদ্যোক্তা উন্নয়নে সহায়তা প্রদান;

(ঘ) সমবায়ীদের জন্য মানবসম্পদ উন্নয়ন কার্যক্রম গ্রহণ, পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ে শিক্ষা, প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনা;

(ঙ) প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন বিষয়ক নতুন মডেল/কৌশল উদ্ভাবন;

(চ) সমবায়ের আওতায় আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দল গঠনের মাধ্যমে গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়ন ও ক্ষমতায়নে সহায়তা প্রদান।

২. কৌশলগত উদ্দেশ্য এবং প্রধান কার্যক্রমসমূহ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রমসমূহ	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
১. পল্লী/শহর এলাকার দরিদ্র ও অতি দরিদ্র জনগোষ্ঠীর আত্মনির্ভরশীলতা অর্জনে আত্মকর্মসংস্থান সৃষ্টি	• আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দল গঠন	• সচিবালয় • বিআরডিবি • বার্ড, কুমিল্লা • আরডিএ, বগুড়া
	• ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা • ক্ষুদ্রঋণ ব্যবহারে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ	• বিআরডিবি • বার্ড, কুমিল্লা • আরডিএ, বগুড়া
২. পশ্চাৎপদ এলাকার দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন	• জীবিকায়নের জন্য সম্পদ বিতরণ ও ট্রেডভিত্তিক প্রশিক্ষণ	• সচিবালয় • বিআরডিবি
	• নিরাপদ বাসস্থান নিশ্চিতকরণ ও নিরাপদ পানি সরবরাহ	• সচিবালয়

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রমসমূহ	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	• গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়ন	• সমবায় অধিদপ্তর • বিআরডিবি
৩. পল্লী/শহর এলাকায় কর্মসংস্থান সৃজনের লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন	• গ্রাম ও পেশাভিত্তিক সমবায় সংগঠনের মাধ্যমে জনগণকে সংগঠিতকরণ	• সমবায় অধিদপ্তর • বার্ড, কুমিল্লা
	• উৎপাদনমুখী খাতে বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি ও আয় বৃদ্ধি	• সমবায় অধিদপ্তর • বিআরডিবি • বার্ড, কুমিল্লা
	• শেয়ার ও সঞ্চয়ের মাধ্যমে মূলধন গঠন	• বিআরডিবি • বার্ড, কুমিল্লা
৪. প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি	• পল্লী উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কর্মশালা, সেমিনার আয়োজন	• সচিবালয় • সমবায় অধিদপ্তর • বিআরডিবি • বার্ড, কুমিল্লা • আরডিএ, বগুড়া
	• সমবায়ীদের উদ্বুদ্ধকরণ ও আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান	• সমবায় অধিদপ্তর • বার্ড, কুমিল্লা
	• প্রশিক্ষণ অবকাঠামো নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও অন্যান্য সুবিধাদির বৃদ্ধি	• সমবায় অধিদপ্তর • বিআরডিবি • বার্ড, কুমিল্লা
	• পল্লী উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত কর্মকর্তা, জনপ্রতিনিধি ও এনজিও কর্মীদের প্রশিক্ষণ	• বিআরডিবি • বার্ড, কুমিল্লা • আরডিএ, বগুড়া
৫. গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন বিষয়ক সমস্যা চিহ্নিতকরণ, সমাধান এবং ফলাফল সম্প্রসারণ	• গবেষণা পরিচালনা	• সমবায় অধিদপ্তর • বার্ড, কুমিল্লা • আরডিএ, বগুড়া
	• প্রায়োগিক গবেষণা পরিচালনা • সেমিনার, ওয়ার্কশপ ও প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফল সম্প্রসারণ	• বার্ড, কুমিল্লা • আরডিএ, বগুড়া
৬. সমবায়ভিত্তিক বাজার ব্যবস্থাপনার মাধ্যমে সুবিধাভোগীদের ন্যায্যমূল্য প্রাপ্তি ও অধিক উৎপাদনে উৎসাহ প্রদান	• সমবায়ভিত্তিক বাজার ব্যবস্থা উন্নয়নে গবেষণা/জরিপ কার্য পরিচালনা	• সচিবালয় • বার্ড, কুমিল্লা
	• প্রতিটি বাড়িকে একটি উৎপাদন ইউনিটে রূপান্তর	• সচিবালয় • আরডিএ, বগুড়া
	• সমবায়ের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি ও উৎপাদক হতে সরাসরি ভোক্তা পর্যায়ে পণ্যের বাজারজাতকরণ	• সমবায় অধিদপ্তর • আরডিএ, বগুড়া
	• জরিপ কার্য পরিচালন	• বার্ড, কুমিল্লা
	• ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান, উপকরণ সরবরাহ ও সম্পদ বিতরণ	• সচিবালয় • বিআরডিবি

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রমসমূহ	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	• পরিবেশ সংরক্ষণ	• আরডিএ, বগুড়া

৩. দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ পল্লী/শহর এলাকার দরিদ্র ও অতি দরিদ্র জনগোষ্ঠীর আত্মনির্ভরশীলতা অর্জনে আত্মকর্মসংস্থান সৃষ্টি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব ঃ ৬৪টি জেলার ৪৮৩টি উপজেলার দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠীকে ক্ষুদ্র ঋণ কার্যক্রম সুবিধা প্রদানের মাধ্যমে ২৪.৯৬ লক্ষ ব্যক্তির আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব ঃ ক্ষুদ্রঋণ ও প্রশিক্ষণ প্রদানকে নারীবান্ধব করার মাধ্যমে আনুমানিক ১৭ লক্ষ নারীকে উৎপাদনমুখী কাজে সম্পৃক্ত করা হবে এবং তাদের আর্থিক ও সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হবে।

৩.১.২ পশ্চাৎপদ এলাকার দরিদ্র জনগোষ্ঠীর জীবন যাত্রার মান উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ "চর জীবিকায়ন কর্মসূচি" শীর্ষক প্রকল্পের মাধ্যমে ব্রহ্মপুত্র ও যমুনা নদী বেষ্টিত ৫টি জেলার ২৮টি উপজেলার ১৫০টি ইউনিয়নের চর এলাকার ১০ (দশ) লক্ষ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন, ৫৮,৮০৪ টি (আটান্ন হাজার আটশত চার) পরিবারের বসতভিটা উঁচুকরণ, স্যাব ল্যাট্রিন নির্মাণ, নলকূপ স্থাপন, গরু, ছাগল, ভেড়া বিতরণ, গাছের চারা ও জৈব সার বিতরণের মাধ্যমে চর এলাকার প্রায় ২.৫০ লক্ষ হতদরিদ্র জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন এবং দারিদ্র্য নিরসন করা সম্ভব হবে। ''ইইপি (Economic Empowerment of the Poorest in Bangladesh)" শীর্ষক প্রকল্পের মাধ্যমে চর, হাওড়, জলাবদ্ধ এলাকা, সমুদ্র উপকূলবর্তী ঘূর্ণিঝড়প্রবণ এলাকা, মঙ্গাপীড়িত ও দারিদ্র্য পীড়িত পার্বত্যাঞ্চলের ১০.০০ লক্ষ দরিদ্র ব্যক্তিকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ ও ক্ষুদ্র ঋণ বিতরণের মাধ্যমে তাদের আর্থ- সামাজিক অবস্থার উন্নয়ন করা হবে। উত্তরাঞ্চলে হতদরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ প্রকল্পের মাধ্যমে ৩টি জেলার ২৪টি উপজেলার ১৮,৪০০ জনকে ৪টি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া দেশের গারো সম্প্রদায়ের ২,৪০০ জন উপকারভোগীর জীবনযাত্রার মান উন্নয়নকল্পে গৃহপালিত পশু, হাঁসমুরগী ও মৎস্যচাষের জন্য সম্পদ সহায়তা দান এবং দক্ষতা উন্নয়নে ৬০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব ঃ ''চর জীবিকায়ন কর্মসূচি" শীর্ষক প্রকল্পের মাধ্যমে ব্রহ্মপুত্র ও যমুনানদী বেষ্টিত ৫টি জেলার ২৮টি উপজেলার ১৫০টি ইউনিয়নের ৭.০০ লক্ষ নারী দারিদ্র্যসীমা অতিক্রম করবে বলে আশা করা যায়। ইইপি (Economic Empowerment of the Poorest in Bangladesh) শীর্ষক প্রকল্পের মাধ্যমে চর, হাওড়, জলাবদ্ধ এলাকা, সমুদ্র উপকূলবর্তী ঘূর্ণিঝড়প্রবণ এলাকা, মঙ্গাপীড়িত ও দারিদ্র্য পীড়িত পার্বত্যাঞ্চলের ৪.০০ লক্ষ নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন করা হবে। উত্তরাঞ্চলে হতদরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ প্রকল্পে প্রায় ১,২০০ জন নারীকে সুবিধা প্রদান করা হবে। গারো সম্প্রদায়ের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের সুবিধাভোগীদের ৮০% নারী, যা নারী উন্নয়নে গুরুত্বপুর্ণ অবদান রাখবে।

৩.১.৩ পল্লী/শহর এলাকায় কর্মসংস্থান সৃজনের লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের আওতায় ৫,৭৮,৪০০টি পরিবারকে অন্তর্ভুক্ত করে প্রায় ২৯ লক্ষ লোককে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে উপকারভোগী হিসেবে নির্বাচন করা হবে। এর ফলে উপকারভোগীদের জীবনযাত্রার মান ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন হবে। সমবায় অধিদপ্তরের মাধ্যমে সারা দেশে ২৯ হাজার নতুন সমবায় সংগঠন সৃষ্টি করা হবে। এর ফলে দারিদ্র্য হ্রাস পাবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ মহিলা সমবায় সমিতি সংগঠনের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ডে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে। বাস্তবায়নাধীন "একটি বাড়ি একটি খামার" এবং সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয়বর্ধক কর্মসংস্হান সৃষ্টির মাধ্যমে নারীর অংশগ্রহণকে অগ্রাধিকার দেয়ার ফলে তাদের প্রশিক্ষণ,

উদ্বুদ্ধকরণ ও ক্ষুদ্রঋণ প্রদানের ক্ষেত্রে প্রায় ২০(কুড়ি) লক্ষ নারীর আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এবং তাদের সামাজিক নিরাপত্তা বৃদ্ধি পাবে।

৩.১.৪ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অধীন ৩টি প্রশিক্ষণ প্রতিষ্ঠান, সমবায় অধিদপ্তরের ১১টি প্রশিক্ষণ প্রতিষ্ঠান, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী কুমিল্লা এবং পল্লী উন্নয়ন একাডেমী বগুড়া কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচির (যেমন-নার্সারী উন্নয়ন, গরু মোটাতাজাকরণ, খামার পর্যায়ে পানি ব্যবস্হাপনা ও উন্নত মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ) মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীকে অধিক হারে আয়বর্ধনমুলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে, যা তাদের আয় বৃদ্ধি ও দারিদ্র্য নিরসনে সহায়তা করবে। এ ছাড়া দারিদ্র্য বিমোচন, কৃষি ও পরিবেশ উন্নয়ন, তথ্য প্রযুক্তির প্রসার স্হানীয় সরকার, সমাজ উন্নয়ন, জেন্ডার, পল্লী শিক্ষা, স্বাস্হ্য, পুষ্টি, পল্লী অর্থনীতি ও ব্যবস্হাপনা বিষয়ে সেমিনার ও কর্মশালা আয়োজন পল্লীর দারিদ্র্য নিরসনে সহায়ক হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ পল্লী এলাকায় নারীদেরকে আয়বর্ধনমূলক বিভিন্ন ট্রেড যেমন: সেলাই, হাঁস-মুরগী ও মৎস্য পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং দারিদ্র্য বিমোচন, কৃষি ও পরিবেশ উন্নয়ন, স্হানীয় সরকার, সমাজ উন্নয়ন, জেন্ডার, পল্লী শিক্ষা, স্বাস্হ্য, পুষ্টি, পল্লী অর্থনীতি ও ব্যবস্হাপনা বিষয়ে সেমিনার ও কর্মশালা আয়োজন নারীর উন্নয়নে সহায়ক হবে।

৩.১.৫ গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন বিষয়ক সমস্যা চিহ্নিতকরণ, সমাধান এবং ফলাফল সম্প্রসারণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী কুমিল্লা, পল্লী উন্নয়ন একাডেমী বগুড়া এবং সমবায় অধিদপ্তর কর্তৃক পরিচালিত পল্লী উন্নয়ন বিষয়ক গবেষণা, প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী এলাকার দারিদ্র্য বিমোচন, উৎপাদন বৃদ্ধি এবং মানব সম্পদ উন্নয়ন হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ গবেষণা এবং প্রায়োগিক গবেষণার ফলে পল্লী এলাকার দারিদ্র্য বিমোচন, উৎপাদন বৃদ্ধি এবং মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে পল্লীর দরিদ্র নারীদের দারিদ্র্য বিমোচন সম্ভব হবে।

৩.১.৬ সমবায়ভিত্তিক বাজার ব্যবস্থাপনার মাধ্যমে সুবিধাভোগীদের ন্যায্যমূল্য প্রাপ্তি ও অধিক উৎপাদনে উৎসাহ প্রদান

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের আওতায় ৫,৭৮,৪০০টি পরিবার'কে অন্তর্ভুক্ত করে প্রায় ২৯ লক্ষ লোকের জীবনযাত্রার মান উন্নয়ন করা হবে। সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে প্রতিটি বাড়িকে একটি স্বতন্ত্র অর্থনৈতিক ইউনিট হিসেবে গড়ে তোলা, গ্রাম সংগঠন সৃষ্টি এবং তার মাধ্যমে সামগ্রিক গ্রাম উন্নয়ন নিশ্চিত করা, স্থানীয় সরকার ও জাতি গঠনমূলক সংস্থাসমূহের সাথে গ্রাম সংগঠনগুলোর যোগসূত্র স্থাপনের মাধ্যমে উপকারভোগীদের বিভিন্ন ধরনের সেবা-সহায়তা প্রদান, স্থানীয় সম্পদ আহরণ এবং তার কাম্য ব্যবহার নিশ্চিত করা হবে। এছাড়া সমবায় অধিদপ্তরের মাধ্যমে দুগ্ধ উৎপাদন বৃদ্ধি, দুগ্ধ উৎপাদন এলাকা সম্প্রসারণ এবং মিল্কভিটার মাধ্যমে দুগ্ধ বাজারজাত করার ক্ষেত্র আরও সম্প্রসারিত হবে, যা দারিদ্র্য নিরসনে সহায়ক হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পে নারীদের অগ্রাধিকার প্রদানের ফলে প্রায় ২০ (কুড়ি) লক্ষ নারীর সামাজিক নিরাপত্তা নিশ্চিত ও দারিদ্র্য হ্রাস পাবে। দুগ্ধ উৎপাদনকারী সমবায় সদস্যদের প্রায় ৮০% নারী - এতে নারীর সামাজিক অবস্থা উন্নয়ন তরান্বিত হবে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
দারিদ্র্য নিরসন	১১১,৯৯,৬৮	১২৫,১৭,৩৭	১৪০,৫৫,২২
নারী উন্নয়ন	৭৩,৭২,০২	৮৪,২৫,১৪	৯৫,৭৪,২৪

৪. অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. **সমবায় ভিত্তিক বাজার ব্যবস্থাপনা কর্মসূচিঃ** পল্লী অঞ্চলের জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন, সমিতি গঠন, উদ্বুদ্ধকরণ, সম্পদ বিতরণসহ ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে সমবায়ভিত্তিক বাজার ব্যবস্থাপনার মাধ্যমে সুবিধাভোগীদের ন্যায্যমূল্য প্রাপ্তি ও অধিক উৎপাদনে উৎসাহিত করা হবে। এজন্য সমবায়ভিত্তিক বাজার ব্যবস্থাপনা কর্মসূচিকে অগ্রাধিকার কর্মসূচি হিসেবে বিবেচনা করা হয়েছে।	• সমবায়ভিত্তিক বাজার ব্যবস্থাপনার মাধ্যমে সুবিধাভোগীদের ন্যায্যমূল্য প্রাপ্তি ও অধিক উৎপাদনে উৎসাহ প্রদান
২. **দরিদ্র ও অতি দরিদ্র জনগোষ্ঠীর জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচিঃ** দরিদ্র ও অতি দরিদ্র জনগোষ্ঠীর জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচি দারিদ্র্য বিমোচনের কৌশল (P.R.S.) হিসেবে স্বীকৃত। ক্ষুদ্রঋণ কার্যক্রম পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করে আসছে বিধায় আত্মকর্মসংহানের সুযোগ সৃষ্টির জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচিকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।	• পল্লী/শহর এলাকার দরিদ্র ও অতি দরিদ্র জনগোষ্ঠীর আত্মনির্ভরশীলতা অর্জনে আত্মকর্মসংস্থান সৃষ্টি
৩. **প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে কর্মসংস্হান ও দক্ষ মানব সম্পদ সৃজনঃ** প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে কর্মসংস্হান ও দক্ষ মানব সম্পদ সৃজন পল্লী উন্নয়ন নীতির অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য। বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণের মাধ্যমে পল্লী এলাকায় কর্মসংস্হানের সুযোগ সৃষ্টি করে দারিদ্র্য বিমোচন করা সম্ভব বিধায় প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে কর্মসংস্হান ও দক্ষ মানব সম্পদ সৃজনকে অগ্রাধিকার খাত হিসাবে বিবেচনা করা হয়েছে।	• প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ সৃষ্টি • কর্মসংস্থান সৃজনের লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন
৪. **পশ্চাৎপদ এলাকার দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে বিশেষ কর্মসূচিঃ** বিভিন্ন এলাকার বিরাজমান আর্থ-সামাজিক বৈশিষ্ট্যের ভিন্নতার কারণে অপেক্ষাকৃত অনগ্রসর এলাকার দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে বিশেষ কর্মসূচি গ্রহণ এবং অগ্রাধিকার ভিত্তিতে উহার বাস্তবায়নকে প্রাধান্য দেয়া হয়েছে।	• পশ্চাৎপদ এলাকার দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন
৫. **পল্লী উন্নয়ন সংক্রান্ত গবেষণা, প্রায়োগিক গবেষণা পরিচালনাঃ** পল্লী উন্নয়ন সংক্রান্ত গবেষণা, প্রায়োগিক গবেষণা পরিচালনার মাধ্যমে পল্লী অঞ্চলের বিভিন্নমুখী সমস্যা ও সমাধান চিহ্নিত করে উদ্ভাবনী ধারণা এবং ফলাফল সম্প্রসারণ করা হয়। এজন্য পল্লী উন্নয়ন সংক্রান্ত গবেষণার ক্ষেত্রে সমস্যা সমাধানে বাস্তবধর্মী ও প্রায়োগিক গবেষণাকে প্রাধান্য দেয়া হয়েছে	• গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন বিষয়ক সমস্যা চিহ্নিতকরণ, সমাধান এবং ফলাফল সম্প্রসারণ
৬. **সংগঠন সৃষ্টি, পুঁজি গঠন ও সঞ্চয় বৃদ্ধির মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তা সৃজনঃ** সংগঠন সৃষ্টি, পুঁজি গঠন ও সঞ্চয় বৃদ্ধির মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তা সৃজন করে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়। প্রতিটি গ্রামের সকল শ্রেণী ও পেশায় নিয়োজিত সকল বয়সের নারী-পুরুষকে একটি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতির আওতায় এনে স্বচেষ্টায় ও অংশগ্রহণমূলক কর্মকান্ডের ভিত্তিতে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন ও দারিদ্র্য বিমোচন করা সম্ভব বিধায় সমবায় কর্মকান্ডকে অগ্রাধিকার দেয়া হয়েছে	• কর্মসংস্থান সৃজনের লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন

প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key performance indicator)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা ২০০৮-০৯	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
							২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। আত্মকর্মসংস্থান	১	লক্ষ জন	৫.০৫	৫.১৭	৫.২৫	৫.২৫	৫.৩০	৫.৫৭	৫.৭০
২। ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃজন	৩	লক্ষ জন	০.৩১	০.৩১	০.৩৯	০.৩৯	০.৪৭	০.৫২	০.৫২
৩। সমবায়ীদের উদ্বুদ্ধকরণ ও দক্ষতা বৃদ্ধি	৪	লক্ষ জন	২.৪৫	২.৪৫	২.৫০	২.৫০	২.৫৫	২.৬১	২.৬০
৪। গবেষণালব্ধ ফলাফলের ভিত্তিতে প্রায়োগিক গবেষণার মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন	৫	লক্ষ জন	০.৯৪	০.৯৩	১.০২	১.০২	১.০৯	১.১৩	১.১২
৫। ক্ষুদ্রঋণ আদায়ের হার	১	%	৯০.৪৯	৯১	৯২.০০	৯২.০০	৯৩.০০	৯৪.০০	৯৭.০০

৫. অধিদপ্তর/ সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল

৫.১ সচিবালয়

৫.১.১ সাম্প্রতিক অর্জনঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ "চর জীবিকায়ন কর্মসূচির (সি.এল.পি.)" মাধ্যমে পশ্চাৎপদ এলাকার ৪.৪৩ লক্ষ জনের মধ্যে সম্পদ বিতরণের মাধ্যমে জীবিকায়নের ব্যবস্হা এবং ৫৮,৮০৪ (আটান্ন হাজার আটশত চার) জনের বসতভিটা উঁচুকরণের মাধ্যমে তাদের নিরাপদ বাসস্হান নিশ্চিত করেছে। বেকার যুবকদের প্রশিক্ষণ দিয়ে পোশাক প্রস্তুতকারী ফ্যাক্টরীতে কর্মসংস্থানের লক্ষ্যে ১২০০ যুবক (৫০% মহিলা) কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সি.ভি.ডি.পি.) প্রকল্পের মাধ্যমে গ্রামীণ জনগণকে একটি আর্থিক সংগঠনের (সমবায় সমিতির) আওতায় এনে সমিতির নিজস্ব মূলধন গড়ে তোলার মাধ্যমে জুন ২০০৯ পর্যন্ত ২৩২৬.৫৮ লক্ষ টাকার পুঁজি গঠন করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণের মাধ্যমে মহিলাদের উন্নয়নে শিক্ষা ও স্বাস্থ্যসহ বিভিন্ন প্রকল্পের আওতায় জুন, ২০০৯ পর্যন্ত মোট ১,৪৬,৭৫৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০১৫ সালের মধ্যে সমগ্র বাংলাদেশের মোট ১০.০০ লক্ষ হতদরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসের লক্ষ্যে ৮৮৬.২৬ কোটি টাকা ব্যয়ে "ইকোনমিক এমপাওয়ারমেন্ট অব দি পুওরেস্ট ইন বাংলাদেশ (ই.ই.পি.)" শীর্ষক প্রকল্প এবং সরকারের নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী দেশের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে "একটি বাড়ি একটি খামার" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করা হয়েছে।

৫.১.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দল গঠন	• ১৮,০০০ দল গঠন	১
২. জীবিকায়নের জন্য সম্পদ বিতরণ ও ট্রেডভিত্তিক প্রশিক্ষণ	• ১,০৪,৯৪৫টি গাভী/পোলট্রি/ছাগল/ভেড়া বিতরণ • ৩,৭৫,০০০ জনকে প্রশিক্ষণ প্রদান	২
৩. নিরাপদ বাসস্থান নিশ্চিতকরণ ও নিরাপদ পানি সরবরাহ	• ৫৮,৮০৪ বসত ভিটা উঁচুকরণ • ৮০ কিলোমিটার কাঁচা রাস্তা নির্মাণ • ৪৪,৩৮৫টি স্ল্যাব ল্যাট্রিন স্থাপন • ৪৬৭৭টি টিউবওয়েল স্থাপন	

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৪. পল্লী উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক কর্মশালা ও সেমিনার আয়োজন	• CIRDAP সদস্যভুক্ত দেশের মন্ত্রী পর্যায়ে একটি আন্তর্জাতিক সম্মেলন আয়োজন • NRDC (National Rural Development Council) এবং NSC (National Steering Committee)'র মাধ্যমে পল্লী উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করা	৪
৫. সমবায়ভিত্তিক বাজার ব্যবস্থাপনা উন্নয়নে গবেষণা/জরিপ কার্য পরিচালনা	• "একটি বাড়ি একটি খামার" প্রকল্পের আওতায় ৫,৭৮,৪০০টি পরিবারকে অন্তর্ভুক্ত করে প্রায় ২৯ লক্ষ লোকের জীবনযাত্রার মান উন্নয়ন	৬
৬. প্রতিটি বাড়িকে একটি উৎপাদন ইউনিটে রূপান্তর	• সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে প্রতিটি বাড়িকে একটি স্বতন্ত্র ইউনিট হিসেবে গড়ে তোলা	
৭. ট্রেডভিত্তিক প্রশিক্ষণ, উপকরণ সরবরাহ ও সম্পদ বিতরন	• ট্রেডভিত্তিক প্রশিক্ষণ, উপকরণ সরবরাহ ও সম্পদ বিতরণ করে আর্থ-সামাজিক উন্নয়ন	

৫.১.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। সম্পদ বিতরণের মাধ্যমে আত্ম নির্ভরশীলতা অর্জন	সংখ্যা (হাজার)	২০.০০	১৪৫.০০	১৫০.০০	১৬০.০০	১৭৫.০০	১৯০.০০
২। আত্নকর্মসংস্থান	সংখ্যা (লক্ষ)	৫.৪২	১.৪৫	১.৫০	১.৮০	২.০০	২.১৫
৩। নারীদের সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন	সংখ্যা (লক্ষ)	৩.৭৯	১.১৫	১.২৫	১.৪৫	১.৭৫	২.০০
৪। সমবায়ভিত্তিক বাজার ব্যবস্থাপনার মাধ্যমে সুবিধাভোগীদের আয়বৃদ্ধি ও জীবনযাত্রার মানোন্নয়ন	সংখ্যা (লক্ষ)	-	-	-	১.১৪	২.২৮	২.২৮

৫.১.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	২৬,৬৭,০০	২৮,৪৮,৮৭	৩০,১৫,৯৫	২৮,৭৯,৬৫	২৮,৮৮,৯০
উন্নয়ন	১৭০,২১,০০	২১০,৪৮,৫৫	৪০৪,০৮,০০	৩৮৫,৬৪,৪৩	৫১৯,২৮,৪৩
মোট	১৯৬,৮৮,০০	২৩৮,৯৭,৪২	৪৩৪,২৩,৯৫	৪১৪,৪৪,০৮	৫৪৮,১৭,৩৩

৫.১.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্প	সংশিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। সচিবালয়	১-৭
অনুমোদিত প্রকল্পসমূহ	
১। চর জীবিকায়ন প্রকল্প	১,২,৩
২। ইকনমিক এমপাওয়ারমেন্ট অব দি পুওরেস্ট ইন বাংলাদেশ (ই.ই.পি.) প্রকল্প	২,৩,৪
৩। Second Ministerial Meeting on Rural Development in Asia Pacific Region শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প	৪
৪। একটি বাড়ি একটি খামার	১,২,৫
অননুমোদিত প্রকল্পসমূহ ১। চর জীবিকায়ন প্রকল্প (২য় পর্যায়)	১,২,৩
২। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সি.ভি.ডি.পি.)- ২য় পর্যায়	১,২,৩
৩। ২০০১ সালের জাতীয় পল্লী উন্নয়ন নীতি বাস্তবায়নে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্প	১,২

৫.২ সমবায় অধিদপ্তর

৫.২.১ **সাম্প্রতিক অর্জনঃ** সমবায় অধিদপ্তর দেশের সকল শ্রেণী ও পেশার জনগণকে উদ্বুদ্ধ করে সমবায় সমিতি গঠন, সাধারণ জনগণকে সমবায়ী আদর্শে জাগ্রতকরণ, সমবায় সমিতির বার্ষিক অডিট সম্পাদন, সমবায় সমিতির নিবন্ধন ও অডিট ফি আদায়ের মাধ্যমে সরকারি রাজস্ব আয় বৃদ্ধি, সমবায়ীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ দান ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এ অধিদপ্তর বিগত তিন অর্থবছরে ২৯,৫১৬ টি নতুন সমবায় সমিতি গঠন, ৬,১১,১০৮ জন নতুন সমবায়ীর সদস্যভুক্তি, ২,০২,৭১২ টি সমবায় সমিতির অডিট সম্পাদন, ৭.০৩ কোটি টাকা সরকারি রাজস্ব আয়, ২২,০২০ জন সমবায়ীর দক্ষতা উন্নয়নে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ দান ও ৭০,৫৯৫ জনের কর্মসংস্থান সৃষ্টি করেছে।

৫.২.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
1. গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়ন	• প্রায় ৬,৫০,০০০ জন মহিলাকে সমবায় কর্মকান্ডে সম্পৃক্তকরণ ও আর্থ-সামাজিক উন্নয়ন	২
2. গ্রাম ও পেশাভিত্তিক সমবায় সংগঠনের মাধ্যমে জনগণকে সংগঠিতকরণ	• ২৯,০০০ টি সমবায় সমিতি গঠন	৩
3. উৎপাদনমুখী খাতে বিনিয়োগের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও আয় বৃদ্ধি	• ১,১৮,০০০ জনের আত্মকর্মসংস্থান	৩
4. সমবায়ীদের উদ্বুদ্ধকরণ ও আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান	• ২৯,০০০ জনের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ও ৭,৪৯,৫০০ জনকে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান	

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
	• ৬,৫০,০০০ জন মহিলাকে সমবায় কর্মকান্ডে সম্পৃক্তকরণ	৪
5. পল্লী উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ে কর্মশালা, সেমিনার আয়োজন	• পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক ১২টি কর্মশালা ও সেমিনার আয়োজন	
6. প্রশিক্ষণ অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ও অন্যান্য সুবিধাদি বৃদ্ধি	• মৃৎশিল্প প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মোট প্রায় ১৩,১৯২ বর্গ মিটার ভৌত অবকাঠামো নির্মাণ • নির্মাণাধীন সমবায় ভবনের ৬ষ্ঠ তলার আংশিক হতে ৮ম তলা পর্যন্ত অবশিষ্ট প্রায় ৩৪,০৭৫ বর্গফুট ভৌত ও আনুষাঙ্গিক নির্মাণ কাজ সমাপ্তকরণ • ৯টি আঞ্চলিক সমবায় শিক্ষায়তনের ১,০৭,০০০ বর্গ মিটার ভৌত অবকাঠামো নির্মাণ • প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে মোট ৬১ টি কম্পিউটার ও ১৩ টি প্রজেক্টর ক্রয় ও সংগ্রহ	
7. গবেষণা কার্যক্রম পরিচালনা	• সমবায় ভিত্তিক ৪টি গবেষণা কার্যক্রম পরিচালনা	৫
8. সমবায়ের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি ও উৎপাদক হতে সরাসরি ভোক্তা পর্যায়ে পণ্যের বাজারজাতকরণ	• কৃষি উৎপাদনকারী সমবায় সমিতি সংগঠন ও উপকরণ সরবরাহ নিশ্চিতকরণ • উৎপাদক ও ভোক্তার স্বার্থ সংরক্ষণ • বাজারজাতকরণের জন্য নেটওয়ার্ক স্থাপন	৬

৫.২.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। নতুন সমবায় সমিতি সংগঠন	সংখ্যা (হাজারে)	১০.০২	৮.৫০	৮.৫০	৯.০০	১০.০০	১০.০০
২। সমবায়ের সদস্যভুক্তকরণ ও দক্ষ সমবায়ী সৃজন	লক্ষ জন	১.৯৫	২.০০	২.০০	২.০০	২.২০	২.৩০
৩। সমবায় সমিতির অডিট	সংখ্যা (হাজারে)	৭০.০১	৭৩.২১	৭৩.২১	৭৭.৬৩	৮১.২৫	৮৬.১৬
৪। প্রশিক্ষণ	সংখ্যা (হাজারে)	৮.২৯	৮.৫০	৮.৫০	৯.০০	১০.০০	১০.০০
৫। কর্মসংস্থান	সংখ্যা (হাজারে)	২১.৬৯	৩৪.৫০	৩৪.০০	৩৮.০০	৪০.০০	৪০.০০

৫.২.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৮,৫৯,৯৬	৯,৫১,৫৯	১২,০৭,৭৮	১২,৯৪,৫৯	১৩,৫০,৭০
উন্নয়ন	৫,৭২,০০	৫,৬০,০০	৫,৬৪,০০	০	০
মোট	১৪,৩১,৯৬	১৫,১১,৫৯	১৭,৭১,৭৮	১২,৯৪,৫৯	১৩,৫০,৭০

৫.২.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্প	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
সমবায় অধিদপ্তর (সদর ও বিভাগীয় অফিস)	০১-০৭
জেলা কার্যালয়সমূহ	০১-০৭
উপজেলা কার্যালয়সমূহ	০১-০৭
সমবায় প্রশিক্ষণ ও শিক্ষা	০১-০৭
অনুমোদিত প্রকল্প	
১. সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ এবং সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন কর্মসূচি- ২য় পর্যায় 2. বাংলাদেশের সমবায় মৃৎশিল্পের উন্নয়ন	৩,৪,৬
অননুমোদিত প্রকল্প	
১. গারো সম্প্রদায়ের জীবনযাত্রার মান উন্নয়ন	১,২,৩
২. সমবায় ভিত্তিক দুগ্ধ উৎপাদন নিশ্চিতকরণ	১,২,৩,৪,
3. সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)- ২য় পর্যায় (সমবায় অধিদপ্তরের অংশ)	১,২,৩
৪. সমবায়ভিত্তিক বাজার ব্যবস্থাপনা	১,৩,৬,
৫. সমবায় ভবন নির্মাণ কর্মসূচি - ২য় পর্যায়	৬,৭
৬. সমবায় প্রচার ও প্রকাশনা সেল উন্নয়ন প্রকল্প	১, ২, ৩, ৬
৭. ৯টি আঞ্চলিক সমবায় ইন্‌স্টিটিউটের ভৌত অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়ন প্রকল্প	৬,৭
৮. দারিদ্র্য পীড়িত এলাকার মহিলা সমবায়ীদের প্রশিক্ষণভিত্তিক আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন প্রকল্প	১,২,৩,৪
সম্ভাব্য প্রকল্পঃ ১. সমবায় অধিদপ্তরের প্রয়োগিক গবেষণা কেন্দ্র স্থাপন	৭

৫.৩ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

৫.৩.১ **সাম্প্রতিক অর্জনঃ** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় বিগত তিন অর্থবছরে মোট ১৭,০১৭টি আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দল গঠন করা হয়েছে। এতে মোট ৫,৬৬,৬৭৪ জন সদস্যভুক্ত হয়েছে, তন্মধ্যে পুরুষ সদস্য ২,৩৮,০০৩ এবং মহিলা সদস্য ৩,২৮,৬৭১ জন। এ সময়ে মোট ২,১৩,৫২৭ জনকে বিভিন্ন আয়বর্ধনমূলক, দক্ষতা ও মানবিক উন্নয়ন এবং ট্রেডভিত্তিক প্রশিক্ষণ দেয়া হয়েছে। আলোচ্য সময়ে বিতরণকৃত ক্ষুদ্রঋণের পরিমাণ ২৩৪৪৫৩.২৬ লক্ষ টাকা। ঋণ গ্রহণকারী সদস্য সংখ্যা ১৪,৯৩,৮২২ জন।

শেয়ার ও সঞ্চয় বাবদ মোট ২১২৯৮.৬৩ লক্ষ টাকা মূলধন গঠন করা হয়েছে। গঠিত মূলধন থেকে ৩৪৯৬.০০ লক্ষ টাকা ক্ষুদ্রঋণ খাতে বিতরণ করা হয়েছে। মোট ৭টি সেমিনার ও কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বিআরডিটিআই, সিলেটে ৬০০ আসন বিশিষ্ট একটি অত্যাধুনিক অডিটরিয়াম নির্মাণ সম্পন্ন হয়েছে।

৫.৩.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১। আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দল গঠন	• ২৩,৩৫০ টি আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দল গঠন • ৬,৩০,৫০০ জনকে সদস্যভুক্তি	১
২। ক্ষুদ্রঋণ ব্যবহারে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ	• ২,৪০,৬০০ জনকে আয়বর্ধণমূলক কর্মকান্ড, দক্ষতা ও মানবিক উন্নয়নের ওপর প্রশিক্ষণ প্রদান	১
৩। ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা	• ১৪,০২,০০০ জন সদস্যের মধ্যে ক্ষুদ্রঋণ হিসেবে ২৪,৯৫,০০.০০ লক্ষ টাকা বিতরণ	১
৪। জীবিকায়নের জন্য সম্পদ বিতরণ ও ট্রেডভিত্তিক প্রশিক্ষণ	• ১,২৮,০০০ জন সদস্যের মধ্যে মোট ৪০০০০.০০ লক্ষ টাকা বিতরণ • ১১,৭৫০ জনকে বিভিন্ন ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান	২
৫। গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়ন	• সম্পদ বিতরণ ও প্রশিক্ষণের মাধ্যমে গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়ন তরান্বিত হবে	
৬। শেয়ার ও সঞ্চয়ের মাধ্যমে মূলধন গঠন	• শেয়ার ও সঞ্চয় বাবদ ২৬৬০০.০০ লক্ষ টাকার পুঁজি গঠন	৩
৭। উৎপাদনমুখী খাতে বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি ও আয় বৃদ্ধি	• গঠিত মূলধন হতে ২১৬৮৯.০০ লক্ষ টাকা ক্ষুদ্রঋণ খাতে বিনিয়োগ	৩
৮। পল্লী উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারি, জনপ্রতিনিধি, এনজিও কর্মীদের প্রশিক্ষণ	• ৪৮,০০০ জন পল্লী উন্নয়নে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারি ও জনপ্রতিনিধিকে প্রশিক্ষণ প্রদান	৪
৯। পল্লী উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কর্মশালা, সেমিনার আয়োজন	• ৩০ টি সেমিনার ও কর্মশালা অনুষ্ঠান	৪
১০। প্রশিক্ষণ অবকাঠামো নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও অন্যান্য সুবিধাদি বৃদ্ধি	• বিআরডিটিআই’এ ১২০ শয্যার একটি অত্যাধুনিক হোস্টেল নির্মাণ	৪
১১। ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান, উপকরণ সরবরাহ ও সম্পদ বিতরণ	• উপকারভোগীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান, উপকরণ সরবরাহ ও সম্পদ বিতরণ	৬

৫.৩.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। প্রশিক্ষণ	হাজার জন	৬৩.১৬	৮২.১৫	৬৯.০০	৮৫.৬০	৮০.০০	৭৫.০০
২। ক্ষুদ্রঋণ	লক্ষ জন	৩.৮৮	৫.৫০	৪.৪০	৪.৫০	৪.৭০	৪.৮২
৩। আত্মকর্মসংস্থান সৃষ্টি	হাজার জন	৬১.০০	৭০.০০	৬৫.০০	৭০.০০	৭১.০০	৬৫.০০
৪। ক্ষুদ্র উদ্যোক্তা সৃজন	হাজার জন	২.৭৫	৮.৫০	৬.০০	৯.০০	১০.০০	৮.০০
৫। নারীর ক্ষমতায়ন	হাজার জন	২৭.৫০	৩৫.০০	৩০.৫০	৩৫.০০	৩৬.০০	৩২.০০

৫.৩.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৬৮,৯৪,০০	৮০,৪০,০০	৯৪,৮০,০০	১০১,১৫,৪০	১০৫,৬৩,৭০
উন্নয়ন	৩৪,৬৫,০০	৩৩,৭৪,০০	২৩,৩৩,০০	৭৭,১৭,৩০	৮০,৪৯,৩৩
মোট	১০৩,৫৯,০০	১১৪,১৪,০০	১১৮,১৩,০০	১৭৮,৩২,৭০	১৮৬,১৩,০৩

৫.৩.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	১-১০
অনুমোদিত কর্মসূচি	
১. আবর্তক কৃষি ঋণ কর্মসূচি ২. সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি ৩. মহিলা উন্নয়ন অনুবিভাগের ঋণ কর্মসূচি	১, ২, ৩, ৪, ৫, ৬,৭ ও ৮
অনুমোদিত প্রকল্প	
১. উত্তরাঞ্চলের হতদরিদ্রদের কর্মসংস্থান নিশ্চিতকরণ প্রকল্প ২. পি আর ডি পি-২ প্রকল্প (সংশোধিত অননুমোদিত) ৩. গ্রামীণ মহিলাদের উৎপাদনমুখী কর্মসংস্থান ও সচেতনতা বৃদ্ধি কর্মসূচি 4. একটি বাড়ি একটি খামার (বি.আর.ডি.বি. অংশ)	১, ২, ৩, ৪, ৫, ৬,৭ ও ৮
অননুমোদি প্রকল্প	
১. পল্লী জীবিকায়ন প্রকল্প ২য় পর্যায় ২. পল্লী প্রগতি প্রকল্প ২য় পর্যায় ৩. সেচ সম্প্রসারণ প্রকল্প ৪. পল্লী উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প ৫. সিভিডিপি (বিআরডিবি অংশ) ৬. দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে অপ্রধান শস্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ কর্মসূচি ৭. বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন প্রশিক্ষণ কেন্দ্রের সংরক্ষণ, আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্প	১, ২, ৩, ৪, ৫, ৬,৭ ও ৮

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
সম্ভাব্য প্রকল্প	
১. বিআরডিবি ক্যাপাসিটি বিল্ডিং প্রজেক্ট ২. এনহেন্সমেন্ট অব কোস্টাল লাইভলীহুড থ্রু স্মল এন্ড মিডিয়াম (এস.এম.ই.) ডেভেলপমেন্ট প্রজেক্ট	১, ২, ৩ ,৭ ও ৮

৫.৪ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা

৫.৪.১ **সাম্প্রতিক অর্জনঃ** বিগত তিন অর্থবছরে ৫২১ টি জাতীয় ও আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স, ওয়ার্কশপ, সেমিনার এবং অবহিতকরণ কর্মসূচির মাধ্যমে জাতীয় পর্যায়ে সরকারি-বেসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ২১,৮৯৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে আর্ন্তজাতিক পর্যায়ে ২২৬ জন, বুনিয়াদি, বিশেষ বুনিয়াদি, সংযুক্তি ও কর্মশালায় জাতীয় পর্যায়ে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের ৪,০৩৯ জন এবং উদ্যোক্তা সংস্থার অর্থায়নে পরিচালিত বিভিন্ন কোর্সে ১৭,৬৩০ জন। পল্লী উন্নয়ন সম্পর্কিত সমস্যা ও সম্ভাবনা চিহ্নিতকরণের লক্ষ্যে একই সময়ে যথাক্রমে ৭৫টি গবেষণা সম্পন্ন হয়েছে । তাছাড়া এ সময়ে বার্ড প্রায়োগিক গবেষণা কার্যক্রমের মাধ্যমে ৩২০ জনকে ক্ষুদ্রঋণের আওতায় আনয়ণ ও বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ৩৮,৯৭৮ জনের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ ৩৮,৭৭২ জনকে আত্মকর্মসংস্থানমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে ।

৫.৪.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দল গঠন	• ২৮,৫০০ জনকে সংগঠিত করে মোট ৫০১ দল গঠন	১
২. ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা	• ২৩,১০০ জনের মাঝে ক্ষুদ্রঋণ বিতরণ	১
৩. ক্ষুদ্রঋণ ব্যবহারে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ	• ২৮,৫৬৩ জনকে ক্ষুদ্রঋণ ব্যবহারের মাধ্যমে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান	১
৪. গ্রাম ও পেশাভিত্তিক সমবায় সংগঠনের মাধ্যমে পল্লীর জনগণকে সংগঠিতকরণ	• সমবায় সমিতি গঠনের মাধ্যমে ২৮,২০০ জনকে সংগঠিত করা	৩
৫. শেয়ার ও সঞ্চয়ের মাধ্যমে মূলধন গঠন	• ৪১৫.০০ লক্ষ টাকার পূঁজি গঠন	৩
6. উৎপাদনমুখী খাতে বিনিয়োগের মাধ্যমে অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি ও আয় বৃদ্ধি	• ২১,৮০০ জন সমবায়ীর আত্মকর্মসংস্থানের লক্ষ্যে নিজেদের সঞ্চিত পূঁজি ব্যবহার করে আয় বৃদ্ধি	৩
৭. সমবায়ীদের উদ্বুদ্ধকরণ ও আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান	• ২৬,৯০০ জনের সচেতনতা, প্রযুক্তি জ্ঞান ও দক্ষতামূলক প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানে সুযোগ বৃদ্ধি	৪
৮. পল্লী উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত কর্মকর্তা, জনপ্রতিনিধি ও এনজিও কর্মীদের প্রশিক্ষণ	• ১৭,১০০ জনের সক্ষমতা বৃদ্ধি	৪

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৯. পল্লী উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কর্মশালা, সেমিনার আয়োজন	• ২৪টি কর্মশালা/সেমিনার আয়োজন	৪
১০. প্রশিক্ষণ অবকাঠামো নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও অন্যান্য সুবিধাদি বৃদ্ধি	• ১,৬০০ ব.মি. নতুন সড়ক নির্মাণ, ৫,৬৬৩ ব.মি. সড়ক মেরামত, ২০০ ব.মি. সীমানা প্রাচীর নির্মাণ এবং ২টি গভীর নলকূপ স্থাপন	৪
11. গবেষণা পরিচালনা	• ৩০টি গবেষণা/সমীক্ষা সমাপ্তকরণ ও প্রতিবেদন প্রকাশ	৫
12. প্রায়োগিক গবেষণা পরিচালনা	• ২২টি পল্লী উন্নয়ন বিষয়ক পরীক্ষামূলক প্রকল্প গ্রহণের মাধ্যমে নতুন কৌশল উদ্ভাবনের প্রচেষ্টা গ্রহণ	৫
13. সেমিনার, ওয়ার্কশপ ও প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফল সম্প্রসারণ	• ৩টি রিসার্চ হাইলাইটস্ সেমিনারের মাধ্যমে গবেষণালব্ধ ফলাফল সংশ্লিষ্টদের অবহিতকরণ	৫
14. জরিপ কার্য পরিচালনা	• ৪৮২টি উপজেলার প্রতিটি উপজেলায় ৪টি নির্বাচিত ইউনিয়ন থেকে ৫টি গ্রামে সুফলভোগী চিহ্নিতকরণে বেইস লাইন সার্ভে পরিচালনা	৬

৫.৪.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। প্রশিক্ষণ	লক্ষ জন	০.০৫৯	০.০৫২	০.০৪০	০.০৫৫	০.০৫৭	০.০৫৮
২। পল্লী উন্নয়ন সম্পর্কিত গবেষণা	সংখ্যা	১০	১০	১০	০৮	১০	১২
৩। প্রায়োগিক গবেষণা	সংখ্যা	০৬	০৬	০৬	০৬	০৮	০৮
৪। গ্রামভিত্তিক সমবায় সমিতি গঠন	সংখ্যা	০.০৬০	০.০৮৫	০.০৮৫	০.০৯৭	০.০১০১	০.০১০২
৫। নারীর কর্মসংস্থান	লক্ষ জন	০.০৪০০	০.০৫৩৮	০.০৪১০	০.০৬৫০	০.০৭০০	০.০৭০০

৫.৪.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৭,৫০,০০	৮,৫৭,৯৫	৯,৯২,৭২	১০,০৬,১৫	১০,২৬,৯৩
উন্নয়ন	৬,০৭,০০	১৬,৪১,০০	৯,৫৫,০০	২০,০০,০০	১২,৮৫,৪৫
মোট	১৩,৫৭,০০	২৪,৯৮,৯৫	১৯,৪৭,৭২	৩০,০৬,১৫	২৩,১২,৩৮

৫.৪.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পর নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, কুমিল্লা (বার্ড)	
অনুমোদিত প্রকল্প ১। বার্ডের কার্যক্রম শক্তিশালীকরণের জন্য ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প।	১০
২। একটি বাড়ী একটি খামার প্রকল্প	০১, ০৫, ০৬, ০৮, ১২
৩। বাংলাদেশের কুমিল্লা জেলার বুড়িচং উপজেলার সমন্বিত গ্রাম উন্নয়ন প্রকল্প	০৪, ০৫, ০৬, ০৭
৪। টেকসই পারিবারিক কৃষি ব্যবস্থাপনার জন্য কৃষি বীমা স্কীম	০১, ০৫, ১৩
অননুমোদিত প্রকল্প	
১। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (বার্ডের অংশ)	০১, ০৪, ০৫, ০৬, ০৭
২। নিরাপদ বার্ধক্যের জন্য গ্রামীণ জীবন পরিকল্পনা	০৫, ০৮
সম্ভাব্য কর্মসূচি/প্রকল্প	
১। কৃষি জমি পুনরুদ্ধার এবং গ্রামীণ জনগণের জীবন যাত্রার মান উন্নয়ন	০১, ০৭, ১২
২। গ্রামীণ শিল্প উন্নয়ন প্রকল্প	১২
৩। উচ্চ ফলনশীল সবজি উৎপাদন, বিপণন এবং রপ্তানী বিষয়ক প্রকল্প	১২
৪। গুনগত শিক্ষার জন্য স্বাস্থ্য, পুষ্টি, জেন্ডার এবং সমন্বিত পাঠ পরিকল্পনা	১২
৫। গ্রামীন প্রতিষ্ঠানের মাধ্যমে গুণগত বীজ উৎপাদন সংরক্ষণ ও বিপণন প্রকল্প	০৪, ০৯, ১২
৬। মহিলা শিক্ষা, আয় ও পুষ্টি উন্নয়ন প্রকল্প	০১, ০২, ০৪, ০৬
৭। গ্রামীণ দারিদ্র্য বিমোচনে ই-পরিষদ	০৮, ০৯, ১২
৮। বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে জৈব সার উৎপাদন প্রকল্প	১২
৯। পল্লী উন্নয়নের জন্য জ্ঞান ব্যবস্থাপনা	১২
১০। আরডো প্রদত্ত প্রশিক্ষণ কোর্স উত্তর মূল্যায়ন	১১
১১। বার্ড ক্যাম্পাসে সৌর বিদ্যুতায়ন প্রকল্প	১২
১২। শুষ্ক মৌসুমে কৃষি কাজে ব্যবহৃত অগভীর নলকূপ সৌর বিদ্যুতের মাধ্যমে পরিচালনা	১২
১৩। Eco-Farming for Productivity Improvement	১২
১৪। গ্রামীণ এলাকার জনগোষ্ঠিকে এনার্জি এবং কৃষি কাজে জৈব পদার্থ সরবরাহ	১২

৫.৫ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

৫.৫.১ সাম্প্রতিক অর্জনঃ বিগত তিন অর্থবছরে নিজস্ব, যৌথ ও বহিঃপ্রতিষ্ঠানের উদ্যোগে যথাক্রমে ১২৭, ২২৫ ও ২২৭টিসহ মোট ৫৭৯টি প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালার আয়োজন করা হয়। এ সকল সেমিনার ও কর্মশালায় মোট অংশগ্রহণকারীর সংখ্যা মোট ২৪,৮০৬ জন (যথাক্রমে ৫,৪৪৯, ১০,৮৫৩ ও ৮,৭৭০ জন), এরমধ্যে ৩০% মহিলা। উল্লিখিত সময়ে ২৯টি গবেষণা সম্পন্ন করা হয়েছে এবং ২৩টি গবেষণা প্রতিবেদন পুস্তক আকারে প্রকাশিত হয়েছে। একইসময়ে প্রায়োগিক গবেষণা কর্মসূচির আওতায় মোট ৭টি প্রকল্প পরিচালিত হয়েছে। ফলস্বরূপ স্বল্প ব্যয়ের গভীর নলকূপের বহুমুখী ব্যবহার (সেচ, আর্সেনিকমুক্ত

খাবার পানি ও বাণিজ্যিক ব্যবহার), ভূ-পরিস্থ পানি ব্যবহারের মাধ্যমে সেচ এলাকা বৃদ্ধি, কার্যকর দেশজ পদ্ধতি প্রয়োগ করে গ্রামীণ মহিলাদের মাধ্যমে বীজ সংরক্ষণ মডেল (মারিয়া মডেল) উদ্ভাবন এবং গাছের রোগ-বালাই চিকিৎসায় মহিলা পল্লী ফসল ক্লিনিক স্থাপন করা হয়েছে। এর ফলে প্রকল্প এলাকায় সার ও কীটনাশকের নিয়ন্ত্রিত ব্যবহার এবং উপকরণ (বীজ, সার, সংরক্ষণ পাত্র) সরবরাহসহ ৫,০৮১ জন গ্রামীণ মহিলা ও পুরুষের কর্মসংস্থান হয়েছে।

৫.৫.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দল গঠন	• ১,২৬৫টি দল গঠনের মাধ্যমে সমন্বিত কার্যক্রম গ্রহণে উৎসাহ প্রদান	১
২. ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা	• ৬,৯০০ জনকে ক্ষুদ্রঋণ প্রদান করে তাদের আয়, উৎপাদন ও কর্মসংস্থান বৃদ্ধি	১
৩. ক্ষুদ্রঋণ ব্যবহারে আয় বর্ধনমূলক প্রশিক্ষণ	• ৬,৯০০ জনকে ক্ষুদ্রঋণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান	১
৪. পল্লী উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত কর্মকর্তা, জনপ্রতিনিধি ও এনজিও কর্মীদের প্রশিক্ষণ প্রদান	• ১৩,৬০৫ জনকে প্রশিক্ষণ প্রদান	৪
৫. পল্লী উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কর্মশালা, সেমিনার আয়োজন	• ৫৫ টি কর্মশালা/সেমিনার আয়োজন	৪
৬. গবেষণা পরিচালনা	• ৫৮টি গবেষণা/সমীক্ষা সম্পন্ন ও প্রতিবেদন প্রকাশ	৫
৭. প্রায়োগিক গবেষণা পরিচালনা	• ৩৬টি প্রায়োগিক গবেষণা পরিচালনা	৫
৮. সেমিনার, ওয়ার্কশপ ও প্রকাশনার মাধ্যমে গবেষণালব্ধ ফলাফল সম্প্রসারণ	• ৪৫ টি কর্মশালা ও সেমিনার আয়োজন	৫
৯. পরিবেশ সংরক্ষণ	• পরিবেশ সচেতনতা ও সংরক্ষণ বিষয়ে ৩০০ জনকে প্রশিক্ষণ প্রদান	৬
১০. সমবায়ের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি ও উৎপাদক হতে সরাসরি ভোক্তা পর্যায়ে পণ্যের বাজারজাতকরণ	• ২টি গ্রামে বিভিন্ন পর্যায়ের ১০০ জন কৃষককে বাছাই করে মাকেটিং নেটওয়ার্ক স্থাপনে সহায়তা প্রদান	৬
১১. প্রতিটি বাড়িকে একটি উৎপাদন ইউনিটে রূপান্তর	• Baseline Survey পরিচালন এবং বিভিন্ন পর্যায়ের উপকার ভোগীর জন্য প্রশিক্ষণ আয়োজন	৬

৫.৫.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. প্রশিক্ষণ	জন	৮,০০০	৭,৪৯২	৭,৫০০	৮,১০০	৮,৬০০	৮,৮৫০
২. পল্লী উন্নয়ন সম্পর্কিত গবেষণা	সংখ্যা	১৮	২০	২২	১৭	১৯	২২
৩. প্রায়োগিক গবেষণা	সংখ্যা	৭	৭	৯	১০	১২	১৪
৪. গ্রামভিত্তিক সমবায় সমিতি গঠন	সংখ্যা	৩৫০	৩২০	৩৩৫	৩৭০	৫২০	৬০০
৫. নারীর কর্মসংস্থান	জন	২,১৯৬	২,০১০	২,৮০০	৩,৩০০	৩,৬০০	৩,৯৫০

৫.৫.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৬,১২,০৪	৭,৩৫,০০	৯,৩৭,৮১	৯,৮১,৫৬	১৫,৫০,৬৩
উন্নয়ন	৩,১৪,০০	১১,৬৩,০০	১৫,৯৬,০০	৬৯,৮০,১৫	৩৫,৮৯,৭১
মোট	৯,২৬,০৪	১৮,৯৮,০০	২৫,৩৩,৮১	৭৯,৬১,৭১	৫১,৪০,৩৪

৫.৫.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পসমূহ	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। প্রশিক্ষণ ২। গবেষণা	৩,৪ ও ৫ ৮
অনুমোদিত প্রকল্প	
১। দক্ষিণ ও পার্বত্যাঞ্চলে আরডিএ উদ্ভাবিত সেচ ও পানি ব্যবস্থাপনা প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে সেচ এলাকা বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প ২। আরডিএ প্রযুক্তি ব্যবহার করে ভূ-পরিস্থ পানি দ্বারা সেচ এলাকা উন্নয়নের মাধ্যমে পল্লী জীবিকায়ন উন্নয়ন শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্প ৩। একটি বাড়ী একটি খামার	১,২,৩, ৫,৬, ৯ ও ১০
অননুমোদিত প্রকল্প	
১। আরডিএ'র আয়বর্ধনমূলক প্রশিক্ষণ ও ক্ষুদ্র ঋণের মাধ্যমে গবাদী পশুপালন, বায়োগ্যাস বোতলজাতকরণ এবং জৈব সার উৎপাদন করে মঙ্গা কবলিত এলাকায় দারিদ্র্য বিমোচন শীর্ষক প্রায়োগিক গবেষণা ২। আরডিএ উদ্ভাবিত সেচ ও পানি ব্যবস্থাপনা প্রযুক্তি ব্যবহার করে বৃষ্টি/বন্যার পানি বিশুদ্ধকরণের মাধ্যমে ঢাকা ওয়াসায় সম্পূরক পানি সরবরাহ প্রকল্প ৩। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রম জোরদারকরণ প্রকল্প ৪। সমন্বিত পানি ব্যবস্থাপনা প্রায়োগিক গবেষণা প্রকল্প	১,২,৩, ৫, ৯ ও ১০

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পসমূহ	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৫। Integrated Water Resources Management through RDA-Model of Rural Piped Water Supply System for Livelihoods Improvement and Coping with Environmental Degradation. ৬। Action Research Project on Production of community Based Alternate Fuel Energy from Organic Solid Waste Management for Better Rural Livelihood. ৭। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সি.ভি.ডি.পি.) (আর.ডি.এ. বগুড়ার অংশ)	